দৈনিক ইত্তেফাক

তারিখ ...Jul. ৭ 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ২...

# বাউফলে ৫০ ভাগ প্রাইমারী বিদ্যালয় ভবন জরাজীর্ণ

বাউফল সংবাদদাতা ।। বাউফল থানায় ৫০ ভাগ প্রাইমারী বিদ্যালয় ভবন জরাজীর্ণ ও আসবাবপত্র না থাকায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হইতেছে।

থানা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, থানায় ১২২টি সরকারী এবং ৯৩টি রেজিষ্টার্ড মোট ২১৫টি প্রাইমারী বিদ্যালয় রহিয়াছে। উক্ত বিদ্যালয়ে ৪৭,৭২১ জন ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। উক্ত ২১৫টি বিদ্যালয়ের মধ্যে ১০০টি বিদ্যালয় ভবন জরাজীর্ণ এবং আসবাবপত্র নাই বলিলেই চলে। উহার মধ্যে সরকারী ৪৩টি এবং রেজিষ্টার্ড প্রাইমারী ৫৭টি। জরাজীর্ণ ভবন ও আসবাবপত্র না থাকার কারণে থানার প্রায় অর্ধেক শিশুর লেখাপড়া ব্যাহত হইতেছে। জরাজীর্ণ বিদ্যালয় ভবনগুলিতে বর্ষাকালে ক্লাস নেওয়া সম্ভব হয় না। টিনের চালা দিয়া পানি পড়ে। বেঞ্চ, চেয়ার, টেবিল ও ব্লাক বোর্ড নাই বলিলেই চলে। শিশুরা বাড়ী হইতে হোগলাপাতার মাদুর আনিয়া মাটিতে বিছাইয়া নেয়। চেয়ার টেবিল ও ব্ল্যাক বোর্ডের অভাবে শিক্ষকদের পাঠদানে ব্যাঘাত সৃষ্টি হয়। (৭ম পৃঃ দ্রঃ)

## বাউফলে ৫০ ভাগ

(৩য় পৃঃ পর)

উক্ত স্কুলের প্রবীণ শিক্ষকেরা জানান, সরকার প্রতি বছর স্কুল গৃহ মেরামতের জন্য অর্থ বরাদ্দ দেয়। কিন্তু উক্ত টাকা তাহারা পায় না। থানা সংলগ্ন স্কুলগুলি একাধিকার মেরামতের টাকা নেয়।